



স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.০৫৬.২১(অংশ-১)- ১৫১৩

তারিখঃ- ০৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
১৯ জানুয়ারী ২০২৩ খ্রিঃ

**বিষয় : “Graphics Design and Multimedia” বিষয়ক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষার্থী মনোনয়ন প্রসঙ্গে।**

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় আগামী ০৭-০২-২০২৩ তারিখ হতে ০৭-০৪-২০২৩ তারিখ পর্যন্ত ০২ মাস মেয়াদী “Graphics Design and Multimedia” বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত জেলার পার্শ্বে উল্লেখিত সংখ্যক যুব নারীদের মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ক্র. নং	জেলার নাম	প্রশিক্ষার্থীর সংখ্যা	ক্র. নং	জেলার নাম	প্রশিক্ষার্থীর সংখ্যা
০১	ঢাকা	০২ জন	০৬	ঝিনাইদহ	০২ জন
০২	মাদারীপুর	০২ জন	০৭	বাগেরহাট	০২ জন
০৩	ব্রাহ্মণবাড়ীয়া	০২ জন	০৮	পিরোজপুর	০২ জন
০৪	বান্দরবান	০২ জন	০৯	পঞ্চগড়	০২ জন
০৫	রাজশাহী	০২ জন	১০	ময়মনসিংহ	০২ জন
সর্বমোট =					২০ জন

**প্রশিক্ষার্থী নির্বাচনে আবশ্যিক বিষয়সমূহ:**

- ০১। নির্বাচিত প্রার্থীগণের শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন এইচ.এস.সি/সমমান ও ৩ মাসের বেসিক কম্পিউটার কোর্স সম্পন্ন এবং বয়সসীমা ১৮ হতে ৩৫ বছর হতে হবে। যুব নারীর মনোনয়ন অগ্রাধিকার যোগ্য।
- ০২। এইচ.এস.সি /সমমান সনদের সত্যায়িত ফটোকপি, ৩ মাসের বেসিক কম্পিউটার কোর্সের সনদ ও NID-র ফটোকপি এবং শরীর চর্চায় অংশগ্রহণের জন্য স্পোর্টস সু/কেডস সংগে আনতে হবে।
- ০৩। কোর্সে অংশগ্রহণের জন্য আবশ্যিকভাবে নিজস্ব Laptop সংগে আনতে হবে।
- ০৪। প্রশিক্ষার্থীগণকে সেশনে মার্জিত রং এর পোষাক (ছেলেদের-শার্ট ও প্যান্ট এবং মেয়েদের- ছালোয়ার ও কামিজ/ শাড়ী) পরিধান করতে হবে।
- ০৫। কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ, আবাসন, খাবার খরচ এবং যাতায়াত খরচ সরকারি অর্থে নির্বাহ করা হবে।
- ০৬। নির্বাচিত প্রার্থীগণের তালিকা ০২-০২-২০২৩ তারিখ ইনস্টিটিউটের ই-মেইলে (training@shniyd.gov.bd) প্রেরণ করতে হবে।
- ০৭। ইতোপূর্বে এ ইনস্টিটিউটের প্রশিক্ষণ কোর্সে যাদের মনোনয়ন দেয়া হয়েছিল তারা মনোনয়ন পাওয়া যোগ্য বলে বিবেচিত হবেন না।
- ০৮। মনোনীত প্রশিক্ষার্থীগণকে কোর্স শুরুর আগের দিন (০৬-০২-২০২৩খ্রিঃ তারিখ) বিকাল ০৩:০০ঘটিকার মধ্যে ইনস্টিটিউটের হোস্টেল সুপারিনটেনডেন্ট এর নিকট আবশ্যিকভাবে রিপোর্ট করতে হবে। হোস্টেল সুপারিনটেনডেন্ট- ০১৭১২২৬২৭৬৩, (পুরুষ হোস্টেল) এবং ০১৭৩২৪৬৯২২৯ (মহিলা হোস্টেল)।

স্বাক্ষরিত/-

আবু তাহের মোঃ মাসুদ রানা  
মহাপরিচালক

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট  
ফোন : ০২-২২৪৪২৬০২৮

ইমেইল : dgshniyd@shniyd.gov.bd

প্রাপক : উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর,-----জেলা।

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.০৫৬.২১(অংশ-১)- ১৫১৩

তারিখঃ- ০৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
১৯ জানুয়ারী ২০২৩ খ্রিঃ

**অনুলিপি:**

- ০১। উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/(প্রশিক্ষণ ও মূল্যায়ন), শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ০২। সহকারী পরিচালক (প্রশাসন, অর্থ, গবেষণা, প্রকাশনা), ফিজিক্যাল ইন্সট্রাক্টর, হোস্টেল সুপারিনটেনডেন্ট, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অফিস কপি।

২৯/০১/২৩

ডে. মোঃ শহীদুল ইসলাম  
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)

ফোন : ০২-২২৪৪২৬০৩১  
মোবাইল- ০১৭১৩৬২৮৬৭১